36

দৈনিক ইত্তেফাক

তারিখ 13 MAY 1992
পৃষ্ঠা ১২ কলাম ৭

# সকলের জন্য শিক্ষা নিশ্চিত করিতে হইবে

—প্রেসিডেন্ট

প্রেসিডেন্ট আবদুর রহমান বিশ্বাস বলেন, সুষ্ঠু জ্ঞান ও শিক্ষা অর্জনের উপর জাতীয় সমৃদ্ধি ব্যাপকভাবে নির্ভরশীল। তিনি বলেন, শিক্ষা প্রসারের উদ্যোগ ইতিমধ্যেই নেওয়া হইয়াছে এবং সকলের জন্য

( ১০ম পৃ: ৩-এর ক: দ্র: )

## সকলের জন্য শিক্ষা

(শেষ পৃ: পর)

শিক্ষার লভ্যতা নিশ্চিত করিতে এ ব্যবস্থা অব্যাহত রাখিতে হইবে। বাসস জানায়, প্রেসিডেন্ট গতকাল (মঙ্গলবার) বঙ্গভবনে ভোলা সরকারী কলেজের ২০ সদস্যের একটি ছাত্র প্রতিনিধিদলের সহিত কথাবার্তা বলিতেছিলেন। কলেজ ছাত্র-সংসদের সহ-সভাপতি ইয়াকুল আলম লিটনের নেতৃত্বে প্রতিনিধিদলটি প্রেসিডেন্টের সহিত দেখা করে। প্রেসিডেন্ট ছাত্রদের উদ্দেশে বলেন, ভোলা কলেজে অনার্স ক্লাস খোলার দাবী পর্যায়ক্রমে পূরণ এবং শীঘ্রই এব্যাপারে প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা গ্রহণ করা হইবে। ছাত্ররা প্রেসিডেন্টকে তাহাদের শিক্ষা জীবনের সমস্যাবলী অবহিত করে।